সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ‘আওয়ামী লীগ শিক্ষাবান্ধব সরকার’

**কাঁঠালিয়া ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠি-১ (কাঁঠালিয়া-রাজাপুর) আসনের সংসদ সদস্য বজলুল হক হারুন বলেছেন, বর্তমান সরকার শিক্ষা বান্ধব সরকার। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে শিক্ষার মানন্নোয়ন হয়।

একযোগে বেসরকারি রেজিস্ট্রার্ড প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ।

শিক্ষার্থীদের উপবৃত্তি ও মিডডে মিল চালুসহ শিক্ষা ক্ষেত্রে যুগপোযোগী সিদ্ধান্ত নেয়া হয়েছে।

তিনি গতকাল উপজেলা প্রশাসন ও শিক্ষা অফিসের আয়োজনে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে দিনব্যাপী মেলা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। ইউএনও ডা. শরীফ মুহম্মদ ফয়েজুল আলমের সভাপতিত্বে উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন ঝালকাঠি-১ (কাঁঠালিয়া-রাজাপুর) আসনের সংসদ সদস্য বজলুল হক হারুন। বিশেষ অতিথি ছিলেন রাজাপুর উপজেলা চেয়ারম্যান অধ্যক্ষ মুনিরুজ্জামান মনির, কাঁঠালিয়া ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান মো. এমাদুল হক মনির, ভাইস চেয়ারম্যান ফাতেমা খানম, আফরোজা আক্তার লাইজু। অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন, সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক গোলাম কিবরিয়া সিকদার, যুগ্ম আহ্বায়ক মো. মাহামুদ হোসেন ও প্রমুখ।